



তারিখঃ

১৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

স্মারক নং- ০৫.৫৫.৯৪০০.০০৫.১৪.০০৯.২৬-৫৬২

সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি মন্ত্রণালয়ের সার ব্যবস্থাপনা ও মনিটরিং অনুবিভাগ এর পত্র নং-১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫.৯১, তারিখ: ২৭/০৮/২০২৬ এর রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে সার ডিলার নিয়োগ সংক্রান্ত পত্রানুযায়ী “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬” এর আলোকে ঠাকুরগাঁও জেলার নিম্নোক্ত ইউনিয়নের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	উপজেলা	ইউনিয়ন
০১	ঠাকুরগাঁও সদর	গড়েয়া, সালন্দর, জগন্নাথপুর, বেগুনবাড়ী, নারগুন, আকচা, চিলারং, জামালপুর, মোহাম্মদপুর, রহমানপুর, রায়পুর
০২	পীরগঞ্জ	ভোমরাদহ, কোষারাগীপঞ্জ, খনগাঁও, সৈয়দপুর, দৌলতপুর, পীরগঞ্জ, হাজীপুর, জাবরহাট, সেনগাঁও, বৈরচুনা
০৩	বালিয়াডাঙ্গী	পাড়িয়া, চাডোল, ধনতলা, বড়পলাশবাড়ী, দুওসুও, ভানোর, আমজানখোর, বড়বাড়ি
০৪	রাণীশংকৈল	ধর্মগড়, নেকমরদ, হোসেনগাঁও, লেহেবা, বাচোর, কাশিপুর, রাতোর, নন্দুয়ার
০৫	হরিপুর	গেদুড়া, আমগাঁও, বকুয়া, ডাঙ্গাপাড়া, হরিপুর, ভাতুরিয়া
০৬	রুহিয়া	রুহিয়া, আখানগর, রাজাগাঁও, ঢোলার হাট, রুহিয়া পশ্চিম, সেনুয়া
০৭	ভূঞা	বড়গাঁও, বালিয়া, আউলিয়াপুর, দেবীপুর, শুখানপুকুরী

শর্তাবলী:

- (ক) “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬” এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।
(খ) আবেদনকারীদের নির্ধারিত ইউনিয়নের বিপরীতে-২০২৬ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।

(গ) যোগ্যতা:

- আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;
- সার ডিলারের নিজ মালিকানায অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়নের কার্য এলাকায় ন্যূনতম ২৫ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না।;
- বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;
- আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০০ লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে।
- ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;
- আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮(আঠারো) বছর হতে হবে;
- আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং
- আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

(ঘ) অযোগ্যতা:

- ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোপূর্বে ব্যবসায় অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
- কোন বিধিবদ্ধ সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি সার ডিলার হতে পারবেন না; এবং
- সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারে একজনের ডিলারশিপ বা যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত খুচরা বিক্রতার আইডি কার্ড থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের জন্য আবেদন করতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

৬) সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র

- আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে;
- আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজপত্র জমা দিতে হবে:
(ক) জাতীয় পরিচয়ত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;
(খ) সাম্প্রতিক তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি;
(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
(ঘ) দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা দলিলের/ভাড়ার চুক্তিনামার কপি;
(ঙ) আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ;
(চ) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত এবং স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা; এবং
(ছ) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ।
- আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২,০০০.০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে;
- একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টম্যানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনিবার্চিত আবেদনকারীদের আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টম্যানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

৮) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:

- ০৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত;
- আবেদনপত্র জেলা প্রশাসক, ঠাকুরগাঁও অথবা উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঠাকুরগাঁও এর দপ্তরে জমা করতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মোহাম্মদ রফিকুল হক

জেলা প্রশাসক

ও

সভাপতি

জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ঠাকুরগাঁও